**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি**
**ও**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়**
**ঠাকুরগাঁও।**

স্মারক নং-সিজেএমসি/ঠাক:/প্রশা:-২০২৪-৭৩৪ www.prebd.com

তারিখ ঃ ০৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ অনুযায়ী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ঠাকুরগাঁও এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) প্রতিটি পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বাক্ষরিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ১০,২০০-২৪,৬৮০/- (গ্রেড-১৪) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি। সাঁটলিপিতে ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ প্রতি মিনিটে এবং টাইপে ন্যূনতম গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ প্রতি মিনিটে। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ২. | টাইপিস্ট/কপিস্ট | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০১ টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। বাংলা এবং ইংরেজী টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৩৫ শব্দের গতি থাকতে হবে। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৩. | প্রসেস সার্ভার | ৮,৫০০-২০,৫৭০/- (গ্রেড-১৯) | ০৪ টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৪. | ফরাস | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৫. | অফিস সহায়ক | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ১০ টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৬. | নৈশ প্রহরী | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ০৩ টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

**শর্তাবলী**

১. প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমের আলোকে বর্ণিত তথ্যাদি পূরণপূর্বক স্বহস্তে স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি www.forms.gov.bd.job ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

২. আবেদন পত্র আগামী ১৪/১১/২০২৪ খ্রি: তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিস্ট্রি ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও বরাবরে পৌঁছাতে হবে।

৩. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৪/১১/২৪ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হবে না।

৪. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার অনুলিপি।
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাঁটলিপি/কম্পিউটার কোর্সের সনদপত্রের অনুলিপি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) স্থানীয় সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
(চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের অনুলিপি।
(ছ) প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০ (বিশ) টাকার অব্যবহৃত ডাক টিকিট সম্বলিত ৯.৫X৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।
(জ) "পরীক্ষার ফি" বাবদ ছকে বর্ণিত ১-২ নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৩-৬ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা সোনালী ব্যাংক এর ট্রেজারী চালানের মাধ্যমে ১২১০৩০২-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫. চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশ পত্রের মাধ্যমে জানানো হবে।

৭. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৮. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. খামের উপরে অবশ্যই নাম, পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১০. বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশি করার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১. প্রচলিত নিয়োগ বিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে। নির্ধারিত পরীক্ষায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্যপদ সমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।

১২. ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহৃত হতে হবে।

১৩. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৪. যে কোন প্রকারের তদবীর বা অনুরোধ প্রার্থীর অযোগ্যতা মর্মে গণ্য হবে এবং প্রার্থিতা বাতিল করা হবে।

১৫. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বিবেচিত হতে হবে।

১৬. নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন : https://thakurgaon.judiciary.gov.bd/bn/leader-chief-judicial

সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ঠাকুরগাঁও।

জি-১৭০৪/২৪ (১৫´x৩)